

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৪ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.২২.৪৩১

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

বিষয়: বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের ক্ষেত্রে তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের চিকিৎসার জন্য বহিঃবাংলাদেশ ছুটির আবেদনে সাথে ডাক্তারের এ্যাপয়েন্টমেন্ট কপি, দেশের বাইরে চিকিৎসার প্রয়োজন হবে কিনা সে বিষয়ে ডাক্তারের প্রত্যয়নপত্র, রোগ নির্ণয়ক টেস্টের কপি, ফলোআপের ক্ষেত্রে পূর্বে ডাক্তার দেখানোর চিকিৎসাপত্রের কপি সংযুক্ত না থাকার কারণে দাপ্তরিক কাজে দীর্ঘসূত্রিতা ও ব্যাঘাত ঘটছে।

০২. এমতাবস্থায়, বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের চিকিৎসার জন্য বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ শতভাগ সুনিশ্চিত হয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- দেশের বাইরে ডাক্তার দেখানোর ক্ষেত্রে সংশ্লিষ্ট ডাক্তারের এ্যাপয়েন্টমেন্ট এর কপি,
- দেশের বাইরে চিকিৎসার প্রয়োজন হবে কিনা সে বিষয়ে যথোপযুক্ত ডাক্তারের প্রত্যয়নপত্র,
- রোগ নির্ণয়ক টেস্টের কপি,
- ফলোআপ চিকিৎসার ক্ষেত্রে পূর্বে ডাক্তার দেখানোর চিকিৎসাপত্রের কপি,
- বিগত ০৫ বছরের যথাযথ ভ্রমণ বিবরণী এবং
- অগ্রায়নপত্রে সুস্পষ্ট রোগের নাম উল্লেখ থাকতে হবে।

২৭-৩-২০২৩

মোসাঃ রোকেয়া পারভীন  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক  
মহাপরিচালকের দপ্তর  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.২২.৪৩১/১(৬)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অধ্যক্ষ.....(সকল)
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৭-৩-২০২৩

মোসাঃ রোকেয়া পারভীন  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)